

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৪. সন্ত্রাস, অপহরণ, দস্যুতা ও লুষ্ঠন

সন্ত্রাস, দস্যুতা, ছিনতাই, লুষ্ঠন, অপহরণ, ধর্ষণ ও শ্লীলতাহানি কবীরা গুনাহ্গুলোর অন্যতম। চাই সেগুলোর পাশাপাশি কাউকে হত্যা করা হোক অথবা নাই হোক। কারণ, তারা যমীনে ফ্যাসাদ সৃষ্টিকারী। তবে সেগুলোর পাশাপাশি কাউকে হত্যা করা হলে অবশ্যই হত্যাকারীদেরকে হত্যা করতে হবে। আর সেগুলোর পাশাপাশি কাউকে হত্যা করা না হলে সে অঘটনগুলো সম্পাদনকারীদেরকে চারটি শান্তির যে কোন একটি শান্তি দিতে হবে। হত্যা করতে হবে অথবা ফাঁসী দিতে হবে অথবা এক দিকের হাত এবং অপর দিকের পা কেটে ফেলতে হবে অথবা অন্য এলাকার জেলে বন্দী করে রাখতে হবে যতক্ষণ না তারা খাঁটি তাওবা করে নেয়। এমনকি তারা শুধুমাত্র একজনকেই হত্যা করার ব্যাপারে কয়েকজন অংশ গ্রহণ করলেও তাদের সকলকেই হত্যা করা হবে। যদি তারা সরাসরি উক্ত হত্যাকান্ডে অংশগ্রহণ করে থাকে।

আল্লাহ্ তা'আলা বলেন:

«إِنَّمَا جَزَآءُ الَّذِیْنَ یُحَارِبُوْنَ اللهَ وَرَسُوْلَهُ وَیَسْعَوْنَ فِيْ الْأَرْضِ فَسَادًا أَنْ یُّقَتَّلُوْا أَوْ یُصلَّبُوْا أَوْ تُقَطَّعَ أَیْدیْهِمْ وَأَرْجُلُهُمْ مِّنْ خِلَافٍ أَوْ یُنْفَوْا مِنَ الْأَرْضِ، ذَلِكَ لَهُمْ خِزْيٌ فِيْ الدُّنْیَا وَلَهُمْ فِيْ الْآخِرَةِ عَذَابٌ عَظِیْمٌ، إِلاَّ الَّذیْنَ تَابُوْا مِنْ قَبْلِ أَنْ تَقْدِرُوْا عَلَیْهِمْ فَاعْلَمُوْا أَنَّ اللهَ غَفُوْرٌ رَّحِیْمٌ»

"যারা আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম এর সাথে যুদ্ধ কিংবা প্রকাশ্য শক্রতা পোষণ করে অথবা আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম এর বিধি-বিধানের উপর হঠকারিতা দেখায় এবং (হত্যা, লুঠন, ধর্ষণ, অপহরণ ও ছিনতাইয়ের মাধ্যমে) ভূ-পৃঠে অশান্তি ও ত্রাস সৃষ্টি করে বেড়ায় তাদের শান্তি এটাই যে, তাদেরকে হত্যা করা হবে অথবা ফাঁসী দেয়া হবে অথবা এক দিকের হাত এবং অপর দিকের পা কেটে ফেলা হবে অথবা অন্য এলাকার জেলে বন্দী করে রাখা হবে যতক্ষণ না তারা খাঁটি তাওবা করে নেয়। এ হচ্ছে তাদের জন্য ইহলোকের ভীষণ অপমান এবং পরকালেও তাদের জন্য ভীষণ শান্তির ব্যবস্থা রাখা হয়েছে। তবে তোমরা তাদেরকে গ্রেফতার করার পূর্বে যদি তারা স্বেচ্ছায় তাওবা করে নেয় তাহলে জেনে রাখো যে, নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা ক্ষমাশীল ও অত্যন্ত দয়ালু''। (মা'য়িদাহ: ৩৩)

তবে মানুষের হৃত অধিকার তাদেরকে অবশ্যই পূরণ করতে হবে।

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

قُتِلَ غُلَامٌ غِيْلَةً، فَقَالَ عُمَرُ: لَو اشْتَرَكَ فِيْهِ أَهْلُ صَنْعَاءَ لَقَتَلْتُهُمْ بهِ.

"জনৈক যুবককে চুপিসারে হত্যা করা হলে 'উমর (রাঃ) বললেন: পুরো সান্'আবাসীরাও (বর্তমানে ইয়েমেনের রাজধানী) যদি উক্ত যুবককে হত্যা করায় অংশ গ্রহণ করতো তা হলে আমি তাদের সকলকেই ওর পরিবর্তে হত্যা করতাম। তাদেরকে আমি কখনোই এমনিতেই ছেড়ে দিতাম না"। (বুখারী ৬৮৯৬)



• Source — https://www.hadithbd.com/books/link/?id=6683

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন